

কড়ি ও কোমল

রবীন্দ্রনাথ ঠাকুর



02/23/19 তারিখে উইকিসংকলন থেকে রপ্তানিকৃত

উসর্গ
শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর

দাদা মহাশয়

করকমলেষু

সূচীপত্র

- [কবির মন্তব্য](#)
- প্রাণ
- পুরাতন
- নূতন
- উপকথা
- যোগিয়া
- কাঙালিনী
- ভবিষ্যতের রঙ্গভূমি
- মথুরায়
- বনের ছায়া
- কোথায়
- শান্তি
- পাষাণী মা
- হৃদয়ের ভাষা
- পত্র
- বিরহীর পত্র
- মঙ্গলগীত
- খেলা

- বসন্ত-অবসান
- বাঁশি
- বিরহ
- বাকি
- বিলাপ
- সারাবেলা
- আকাঙ্ক্ষা
- তুমি
- গান
- ছোটো ফুল
- যৌবনস্বপ্ন
- ক্ষণিক মিলন
- গীতোচ্ছ্বাস
- স্তন
- চুম্বন
- বিবসনা
- বাহু
- চরণ
- হৃদয়-আকাশ
- অঞ্চলের বাতাস
- দেহের মিলন
- তনু
- স্মৃতি
- হৃদয়-আসন
- কল্পনার সাথি
- হাসি
- নিদ্রিতার চিত্র
- কল্পনামধুপ
- পূর্ণমিলন
- শ্রান্তি

- বন্দী
- কেন
- মোহ
- পবিত্র প্রেম
- পবিত্র জীবন
- মরীচিকা
- গান-রচনা
- সন্ধ্যার বিদায়
- রাত্রি
- বৈতরণী
- মানবহৃদয়ের বাসনা
- সিন্ধুগর্ভ
- ক্ষুদ্র অনন্ত
- সমুদ্র
- অস্তুমান রবি
- অস্তাচলের পরপারে
- প্রত্যাশা
- স্বপ্নরুদ্ধ
- অক্ষমতা
- জাগিবার চেষ্টা
- কবির অহংকার
- বিজনে
- সিন্ধুতীরে
- সত্য
- আত্মাভিমান
- আত্ম-অপমান
- ক্ষুদ্র আমি
- প্রার্থনা
- বাসনার ফাঁদ
- চিরদিন

- বঙ্গভূমির প্রতি
- বঙ্গবাসীর প্রতি
- আহ্বানগীত
- শেষ কথা
 - সংযোজন
- শরতের শুকতারা
- পত্র ১
- পত্র ২
- জন্মতিথির উপহার
- চিঠি
- পত্র ৩

যৌবন হচ্ছে জীবনে সেই ঋতুপরিবর্তনের সময় যখন ফুল ও ফসলের প্রচ্ছন্ন প্রেরণা নানা বর্ণে ও রূপে অকস্মাৎ বাহিরে প্রত্যক্ষ হয়ে ওঠে। কড়ি ও কোমল আমার সেই নবযৌবনের রচনা। আত্মপ্রকাশের একটা প্রবল আবেগ তখন যেন প্রথম উপলব্ধি করেছিলুম। মনে পড়ে তখনকার দিনে নিজের মনের একটা উদ্বেল অবস্থা। তখন আমার বেশভূষায় আবরণ ছিল বিরল। গায়ে থাকত ধুতির সঙ্গে কেবল একটা পাতলা চাদর, তার খুঁটোয় বাঁধা ভোরবেলায় তোলা একমুঠো বেলফুল, পায়ে একজোড়া চটি। মনে আছে খ্যাকারের দোকানে বই কিনতে গেছি কিন্তু এর বেশি পরিচ্ছন্নতা নেই, এতে ইংরেজ দোকানদারের স্বীকৃত আদবকায়দার প্রতি উপেক্ষা প্রকাশ হত। এই আত্মবিস্মৃত বেআইনী প্রমত্ততা কড়ি ও কোমলের কবিতায় অবাধে প্রকাশ পেয়েছিল। এই প্রসঙ্গে একটা কথা মনে রাখতে হবে এই রীতির কবিতা তখনো প্রচলিত ছিল না। সেইজন্যেই কাব্যবিশারদ প্রভৃতি সাহিত্যবিচারকদের কাছ থেকে কটুভাষায় ভাঙ্গনা সহ্য করেছিলুম। সে-সব যে উপেক্ষা করেছি অনায়াসে সে কেবল যৌবনের তেজে। আপনার মধ্যে থেকে যা প্রকাশ পাচ্ছিল, সে আমার কাছেও ছিল নূতন এবং আন্তরিক। তখন হেম বাঁড়জেজ্ঞ এবং নবীন সেন ছাড়া এমন কোনো দেশপ্রসিদ্ধ কবি ছিলেন না যারা নূতন কবিদের কোনো-একটা কাব্যরীতির বাঁধা পথে চালনা করতে পারতেন। কিন্তু আমি তাঁদের সম্পূর্ণই ভুলে ছিলাম। আমাদের পরিবারের বন্ধু কবি বিহারীলালকে ছেলেবেলা থেকে জানতুম এবং তাঁর কবিতার প্রতি অনুরাগ আমার ছিল অভ্যস্ত। তাঁর প্রবর্তিত কবিতার রীতি ইতিপূর্বেই আমার রচনা থেকে সম্পূর্ণ স্থলিত হয়ে গিয়েছিল। বডোদাদার স্বপ্নপ্রয়াণের আমি ছিলাম অত্যন্ত ভক্ত, কিন্তু তাঁর বিশেষ কবিপ্রকৃতির সঙ্গে আমার বোধ হয় মিল ছিল না, সেইজন্য ভালোলাগা সত্ত্বেও তাঁর প্রভাব আমার কবিতা গ্রহণ করতে পারে নি। তাই কড়ি ও কোমলের কবিতা মনের অন্তঃস্বরের উদ্দেশ্য থেকে উছলে উঠেছিল। তার সঙ্গে বাহিরের কোনো মিশ্রণ যদি ঘটে থাকে তো সে গৌণভাবে।

এই আমার প্রথম কবিতার বই যার মধ্যে বিষয়ের বৈচিত্র্য এবং
বহির্দৃষ্টিপ্রবণতা দেখা দিয়েছে। আর প্রথম আমি সেই কথা বলেছি যা
পরবর্তী আমার কাব্যের অন্তরে অন্তরে বারবার প্রবাহিত হয়েছে—

মরিতে চাহি না আমি সুন্দর ডুবনে,
মানবের মাঝে আমি বাঁচিবারে চাই —
যা নৈবেদ্যে আর-এক ভাবে প্রকাশ পেয়েছে—
বৈরাগ্যসাধনে মুক্তি সে আমার নয়।

কড়ি ও কোমলের যৌবনের রসোচ্ছ্বাসের সঙ্গে আর-একটি প্রবল
প্রবর্তনা প্রথম আমার কাব্যকে অধিকার করেছে, সে জীবনের পথে
মৃত্যুর আবির্ভাব। যাঁরা আমার কাব্য মন দিয়ে পড়েছেন তাঁরা নিশ্চয়
লক্ষ্য করে থাকবেন এই মৃত্যুর নিবিড় উপলব্ধি আমার কাব্যের এমন
একটি বিশেষ ধারা, নানা বাণীতে যার প্রকাশ। কড়ি ও কোমলেই তার
প্রথম উদ্ভব।

শান্তিনিকেতন

৭।১২।৩৯

এই ডিজিটাল সংস্করণ সম্পর্কে

এই ই-বই অনলাইন গ্রন্থাগার [উইকিসংকলন](#)^[১] হতে প্রাপ্ত। স্বেচ্ছাসেবীদের দ্বারা নির্মিত এই বহুভাষী ডিজিটাল গ্রন্থাগার উপন্যাস, কবিতা, পত্র-পত্রিকা ইত্যাদি সমস্ত ধরনের প্রকাশনার মুক্ত সংকলন গড়ে তোলার জন্য অঙ্গীকারবদ্ধ।

আমরা কপিরাইটমুক্ত অথবা মুক্ত লাইসেন্সের অধীনে প্রকাশিত বইগুলিকে বিনামূল্যে প্রদান করে থাকি। আপনি আমাদের ই-বইগুলিকে [ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক ৩.০ আনপোর্টেড](#) লাইসেন্স^[২] বা [জিএনইউ ফ্রি ডকুমেন্টেশন লাইসেন্সের](#)^[৩] শর্তাধীনে বাণিজ্যিক উদ্দেশ্য সহ যে কোন উদ্দেশ্যে ব্যবহার করতে পারেন।

উইকিসংকলন সর্বদা নতুন সদস্যদের জন্য উন্মুক্ত। এই ই-বইয়ে কিছু ভুল ভ্রান্তি থেকে যাওয়া সম্ভব, সেক্ষেত্রে আপনি [এই পাতায়](#) জানাতে পারেন^[৪]।

নিম্নে তালিকাভুক্ত ব্যবহারকারীরা এই ই-বইয়ে অবদান রেখেছেন:

- Jonoikobangali
- Bodhisattwa
- Jayantanth
- আফতাবুজ্জামান
- WikitanvirBot I
- Twofivesixbot

1. [↑ https://bn.wikisource.org](https://bn.wikisource.org)
2. [↑ https://creativecommons.org/licenses/by-sa/3.0/deed.bn](https://creativecommons.org/licenses/by-sa/3.0/deed.bn)
3. [↑ http://www.gnu.org/copyleft/fdl.html](http://www.gnu.org/copyleft/fdl.html)
4. [↑ https://bn.wikisource.org/wiki/উইকিসংকলন:লিপিশালা](https://bn.wikisource.org/wiki/উইকিসংকলন:লিপিশালা)